ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৮৫

আগরতলা,২২ আগস্ট,২০২৫

**সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী**

**মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনায় অন্ত্যোদয় পরিবারভুক্ত মেয়ে সন্তানের বিবাহের জন্য ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধীনে মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনায় অন্ত্যোদয় পরিবারভুক্ত বিবাহযোগ্য মেয়ে সন্তানের বিবাহের জন্য ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে। ২০ আগস্ট রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, ২০ আগস্ট অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অন্তর্ভুক্ত বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি জানান, মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলি যোজনায় অন্ত্যোদয় পরিবারের কোনও ব্যক্তি প্রয়াত হলে অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ ২ হাজার টাকা থেকে বাড়িয়ে ১০ হাজার টাকা করা হয়েছে। এছাড়াও রাজ্য সরকার সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধীনে চিফ মিনিস্টার স্কিম ফর মেন্টালি চ্যালেঞ্জ পার্সনস নামে একটি নতুন প্রকল্প চালু করবে। এই প্রকল্পের আওতায় শুধুমাত্র মানসিকভাবে দিব্যাঙ্গ ব্যক্তিদের মাসিক ভাতা ৫ হাজার টাকা করে প্রদান করা হবে। খাদ্যমন্ত্রী জানান, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধীনে সি.ডি.পি.ও.-র ৪টি শূন্য পদে লোক নিয়োগ করা হবে। টি.পি.এস.সি.-র মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

*****